

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৪৩(আগরতলা, ০৩।১১)
উদয়পুর, ০৩ নভেম্বর, ২০১৮

ত্রিপুরেশ্বরী রুর্যাল মাটের উদ্বোধন

গ্রাম বিকাশ ফার্মাস ক্লাবের উদ্যোগে এবং নাবার্ডের সহযোগিতায় গতকাল মাতাবাড়ী ট্রাইবেল রেস্ট হাউসে ১০নং রুমে ত্রিপুরেশ্বরী রুর্যাল মাটের স্টল উদ্বোধন করেন বিধায়ক বিপ্লব কুমার ঘোষ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জেলার জেলাশাসক টি কে দেবনাথ, নাবার্ডের জেনারেল ম্যানেজার সুনীল কুমার। স্টলের উদ্বোধন করে বিধায়ক বিপ্লব ঘোষ বলেন, এই স্টলটি হল রাজ্যের কৃষক ও হস্তশিল্পীদের উৎপাদিত সামগ্রী বিক্রির একটি প্রতিষ্ঠান। এর মাধ্যমে বেকার যুবক যুবতীরা তাদের নিজস্ব উৎপাদিত জিনিস বিক্রি করে স্বনির্ভর হওয়ার সুযোগ পেতে পারেন। তিনি বলেন, গ্রামীণ অর্থনৈতিক বিকাশে সরকার বদ্ধপরিকর। রাজ্য সরকারের লক্ষ্য প্রতিটি ঘরে সঠিক রোজগার পৌঁছে দেওয়া। সকল অংশের মানুষের উন্নয়নের জন্য ভারত সরকার অনেক প্রকল্প হাতে নিয়েছে। এই লক্ষ্য নিয়ে সরকার কাজ করছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন নাবার্ডের জেনারেল ম্যানেজার সুনীল কুমার। সভাপতিত্ব করেন সমাজসেবী জীতেন্দ্র মজুমদার।
